ঝিনাইদহ পুলিশ সুপারের সাথে প্রেস ক্লাবের সাংবাদিকদের মতবিনিময়

ঝিনাইদহ নবাগত পুলিশ সুপারের সাথে প্রেস ক্লাবের সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে প্রেস ক্লাব মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন নবাগত পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম।

তিনি বলেন, সাংবাদিকরা দেশ ও জাতির বিবেক। বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন ও তাদের পেশাগত দায়িত্ব পালন কালে ঝিনাইদহ জেলা পুলিশ সর্বদা তাদের পাশে থাকবে। এছাড়াও তিনি আইনশৃঙ্খলা উন্নয়নে পুলিশকে সার্বিক সহযোগিতার আহবান জানান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, সদর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান, সিনিয়র সাংবাদিক বিমল সাহা, এম সাইফুল মাবুদ, প্রেস ক্লাবের সহ-সভাপতি ও এস এ টিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ, সহ-সাধারণ সম্পাদক কে এম সালেহ দেলোয়ার কবির, আসিফ ইকবাল কাজল, পিন্টু লাল দত্ত।

অনুষ্ঠান পরিচালনা করেন ঝিনাইদহ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু। এ সময় প্রেস ক্লাবের সকল সাংবাদিক উপস্থিত ছিলেন।

রামনগর ফুটবল টুর্নামেন্টে ১ম

সেমিফাইনালে রামনগর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যাণ যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ১ম সেমিফাইনাল খেলায় রামনগর একাদশ জয়লাভ করেছে।

বৃহস্পতিবার বিকালে অনুষ্ঠিত খেলায় রামনগর একাদশ ৪-২ গোলে চাঁদপুর একাদশকে পরাজিত করে। রামনগর একাদশের ১০ নং জার্সি পরিহিত সাব্বির দুইটি ১২ নং জার্সি পরিহিত শাকিল ২টি গোল করেন। রামনগর একাদশের ১০ নং জার্সি পরিহিত সাব্বির ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন।

পরাজিত চাঁদপুর একাদশের ১০ নং জার্সি পরিহিত বিদেশী খেলোয়াড় জুলু ১টি এবং ১১ নং জার্সি পরিহিত খেলোয়াড় নাঈম ১টি গোল পরিশোধ করেন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উদ্বোধন করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ-সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ম-সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেনসহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন সোহেল সহকারি হিসেবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল। ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামিম শিশির।

আলমডাঙ্গার ফরিদপুরে গভীর রাতে

একটি মেয়ের ঘরে ঢুকে গ্যাঁড়াকলে বকুল

আলমডাঙ্গার ফরিদপুর গ্রামের বকুল অষ্টম শ্রেণীতে পড়ুয়া একটি মেয়ের ঘরে ঢুকে গ্রামবাসীর ঘেরাওয়ের শিকার হয়েছে। বৃহস্পতিবার গভীর রাতে গ্রামবাসী বেঁধে গণপিটুনী দিয়ে বকুলকে পুলিশের হাতে তুলে দেয়।

বকুল বেলগাছি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ফরিদপুর গ্রামের আশরাফুল হক মন্টুর ছেলে। বকুলের জীবনজুড়ে নানা কুকীর্তির অভিযোগ রয়েছে বলে জানিয়েছে গ্রামবাসী।
জানা গেছে, ফরিদপুর গ্রামের কারিগরপাড়ার অষ্টম শ্রেণীতে পড়ুয়া একটি মেয়েকে টার্গেট করে ওই পরিবারের লোকজনের সাথে সম্প্রতি সখ্য গড়ে তোলে বকুল।

বকুল মাঝেমধ্যেই ওই বাড়িতে যাতায়াত করতে থাকে। এরই মধ্যে বকুল মেয়েটির ওপর নজর রাখতে থাকে। সে কোথায় ঘুমায়, কখন ঘুমায় সবই বকুল নখদর্পনে নিয়ে নেয়। বুধবার রাতেও বকুল ওই বাড়িতে যায়। সে রাত ১১ টার আগে কোন এক ফাঁকে গোপনে মেয়েটির ঘরে ঢুকে চৌকির নিচে লুকিয়ে থাকে।

মেয়েটিও রাতের খাবার খেয়ে ঘরের দরজা লাগিয়ে ঘুমিয়ে পড়ে। বাড়ির সবাই ঘুমিয়ে পড়লে রাত ১১ টার পর বকুল চৌকির নিচ থেকে বেরিয়ে মেয়েটির বিছানায় গিয়ে তাকে ধর্ষণের চেষ্টা করে। মেয়েটি আকস্মাৎ চোখ মেলে দেখতে পায় তাকে জাপটে ধরে আছে বকুল। সে বকুলের হাত থেকে বাঁচতে চিৎকার করতে থাকে।

মেয়েটির চিৎকার চেচামেচিতে তার পরিবারের লোকজন ঘুম থেকে উঠে পড়ে। পরিবারের লোকজন বারেবার ধাক্কা দিয়ে দিয়ে ঘরের দরজা খুলতে অনুরোধ করতে থাকে। কিন্ত দরজা খুললে মেয়েটিকে গলা টিপে হত্যার হুমকি দেয় বকুল।

মেয়েটির পরিবারের সদস্যরা জানায়, দরজা না খুললে বিকল্প হিসেবে তারা অন্য ঘরের আড়ার ওপর দিয়ে ওই ঘরে প্রবেশ করে মেয়েটিকে উদ্ধার করেন।

এদিকে, বাড়িতে চিৎকার হওয়াতে প্রতিবেশীরাও ওই বাড়িতে গিয়ে

মেয়েটিকে উদ্ধার কাজে অংশ নেয়। এ সময় তারা বকুলকে বেঁধে উত্তমমধ্যম দিতে থাকে। গভীর রাতে বকুলকে ঘিরে নারী-পুরুষের জমায়েত হতে থাকে। পরে রাত সাড়ে ৩ টার দিকে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে গণরোষ থেকে বকুলকে উদ্ধার করে থানায় নিয়ে আসে।

প্রতিবেশীরা জানায়, এরকম মেয়ে ঘটিত অনেক ঘটনা বকুলের জীবনে রয়েছে। সে আনুমানিক ১০ বছর আগে স্কুলপাড়ার সেকেন্দার মোল্লার বড় মেয়ের সাথে প্রেমের সম্পর্ক গড়ে তোলে। গোপনে তাকে বিয়েও করে। বিয়ে করে আলমডাঙ্গায় একটি ভাড়া বাড়িতে তাকে রেখে কিছুদিন সংসারও করে। এরই মধ্যে মেয়েটি টের পায় তার স্বামী বকুলের একাধিক মেয়ের সাথে অবৈধ সম্পর্ক রয়েছে। এসব জানার পরই ওই সংসার ভেঙ্গে যায়।

এরপর বকুল ফরিদপুর কারিগরপাড়ার নুরুল ইসলামের মেয়ের সাথে একই রকম সম্পর্ক গড়ে তোলে। তাকেও একই কায়দায় গোপনে বিয়ে করে। মেয়েটির কোলজুড়ে একটি কন্যা সন্তানেরও জন্ম হয়। কিন্ত ৫ বছরেও বকুলের পরিবার মেয়েটিকে স্ত্রীর মর্যাদা দেয়নি। সে তার পিতার বাড়িতেই থাকতে বাধ্য হয়। দরিদ্র নুরুল ইসলাম ক্ষমতার কাছে পরাজিত হন। তিনি মেয়ের স্ত্রীর মর্যাদাও এ পর্যন্ত আদায় করতে পারেননি।

এদিকে, পুলিশের হাতে আটক হওয়া বকুল ফরিদপুর কারিগরপাড়া পুরাতন জামে মসজিদের সেক্রেটারী বলে জানা গেছে। রাতের জঘন্য ঘটনার পর তাকে মসজিদ কমিটির সেক্রেটারী পদ থেকে অপসারণেরও দাবি তুলেছে গ্রামবাসী।

হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে ব্যঙ্গচিত্র প্রদর্শন করায় গাংনীতে মানববন্ধন

ফ্রান্সে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মুহাম্মদ (সাঃ)কে নিয়ে ব্যঙ্গচিত্র প্রদর্শনকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা ও এদেশ থেকে তাদের সমস্ত ব্যবসায়ীক সম্পর্ক না রাখার দাবীতে মানববন্ধন ও প্রতিবাদ র্যালী করেছে গাংনীর বিভিন্ন মাদরাসার শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার বেলা ১১ টার সময় দারুসুন্নাহ মোখতারিয়া মাদ্রাসার উদ্যোগে একটি প্রতিবাদ র্যালী গাংনী শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে প্রতিবাদ সভা ও মানববন্ধন করে।

মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন, বাংলাদেশ ইসলামী আন্দোলনের কেন্দ্রীয় মহাসচিব মওলানা আব্দুল কাদের, হাফেজ রুহুল আমিন আশরাফি, নাজমুল হক ফারুকী ও মাওলানা ওয়াছের আলী প্রমুখ।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৫ গ্রাম হেরোইনসহ একাধিক মাদক মামলার আসামি মৃত দবিরউদ্দীন এর ছেলে সেকেন্দার আলী (৪০) কে আটক করেছে মেহেরপুর জেলা ডিবি পুলিশ।

বৃহস্পতিবার বিকেলে এস আই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়।

এ সময় তিনি বলেন, মেহেরপুর গাংনী উপজেলার নওয়াপাড়ার পূর্বপাড়ায় শামীমের চায়ের দোকানের সামনে হিরোইন নিয়ে অবস্থান করছে সেকেন্দার। এমন সংবাদের ভিত্তিতে এএসআই আহসান হাবীব ও এ এস আই ইব্রাহিম আলীকে সঙ্গে করে নিয়ে এই অভিযান পরিচালনা করে সেকেন্দার আলী কে ৫ গ্রাম হেরোইনসহ আটক করা হয়।

এ সময় তিনি আরো জানান, আটককৃত সেকেন্দারের বিরুদ্ধে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন। এবং গাংনি থানায় ০৫ টি মাদক মামলা বিচারাধীন আছে।
মেপ্র / এমএফআর

মহানবী হযরত মুহাম্মদ (সা:) এর ব্যঙ্গচিত্রের প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ মিছিল

ফ্রান্সের রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মহানবী হযরত মুহাম্মদ (সা:) এর ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করা হয়।

বৃস্পতিবার বিকালে ইসলামী আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সভাপতি খাদিমুল ইসলাম এর সভাপতিত্বে এই বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এসময় বিক্ষোভ মিছিলটি মেহেরপুর কোট মোড় থেকে শুরু করে মেহেরপুর পৌর সভার সামনে শেষ হয়।

এ সময় একটি সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা ফ্রান্স সরকারের কর্মকাণ্ডের সমালোচনা করে ফ্রান্সের সব ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, ইসলামী যুব আন্দোলন মেহেরপুর জেলা সভাপতি মওলানা আরিফুল ইসলাম, ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের সভাপতি মওলানা আশরাফুল ইসলাম, সাধারণ সম্পাদক মুফতি আবু বক্কর সিদ্দিকী, সহ-সভাপতি মাওলানা শফিকুল ইসলাম, ইমাম সমিতির সাধারণ সম্পাদক মুফতি সাদিকুর রহমান, ওলামা পরিষদের জেলা সাধারণ সম্পাদক মাওলানা হাবিবুর রহমান, মাওলানা আবুল কালাম কাসেমী, মাসুম বিল্লাহ, আব্দুল কাদের প্রমুখ।

মেহেরপুরে মুদি দোকান পুড়ে

দেড়লক্ষ টাকার ক্ষয়ক্ষতি

মেহেরপুর সদর উপজেলা আমদাহ গ্রামের আতিরুল ইসলামের ছেলে মিয়ারুল ইসলামের মুদি দোকান পুড়ে নগদ অর্থসহ দেড়লক্ষ টাকার ক্ষয়ক্ষতি।

বৃহস্পতিবার ভোর রাতে এই ঘটনা ঘটে, মুদি দোকানদার মিয়ারুল ইসলাম জানান, প্রতিদিনের মতোই গতরাতে দোকান বন্ধ করে ঘুমাতে চলে যায়। গভীর রাতে হঠাৎ ঘুম ভেঙ্গে দেখি দোকানে আগুন জলছে। গ্রামবাসীদের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে আনা গেলেও ততখনে সব পুড়ে শেষ হয়ে যায়।

তিনি বলেন, নগদ টাকাসহ আগুনে পুড়ে আমার দোকানের একটি ফ্রিজ, ফ্যানসহ সকল মালামাল ও অন্তত আড়াই লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে জানান তিনি।

তিনি আরও বলেন, বিভিন্ন এনজিওর মাধ্যমে টাকা নিয়ে দোকানটা দাড় করিয়েছিলাম এই অগ্নি পাতের কারণে আমি এখন সর্বহারা হয়ে গেছি।

এই বিষয়ে মেহেরপুর ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার জাহিদুল ইসলাম মেহেরপুর প্রতিদিনকে জানান, ৯৯৯ এ আমাদের কাছে একটি সংবাদ আসে। এবং সেই সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে পৌঁছানোর আগেই আগুন নিয়ন্ত্রণে আনে এলাকাবাসী। বিদ্যুৎ শর্ট সার্কিটে আগুন লেগেছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

মেহেরপুরে কৃষক হত্যায় ৮ জনের যাবজ্জীবন কারাদন্ড

মেহেরপুর গাংনী উপজেলার করমদি গ্রামের আবুবক্কর শাহ নামের এক কৃষককে কুপিয়ে হত্যার দায়ে ৮ আসামির যাবজ্জীবন কারাদণ্ডাদেশ দিয়েছে আদালত। বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এস এম আ: সালাম এ রায় দেন।

মামলার বিবরণ থেকে জানা গেছে, ২০১০ সালের ১৪ই জুন গাংনী উপজেলার

করমদি গ্রামের কৃষক আবুবক্কর শাহ মাঠে কৃষি কাজ করতে যাওয়ার সময় তাকে ধারলো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করা হয়। এ ঘটনায় নিহতের ছেলে শাহাবুদ্দিন বাদি হয়ে গাংনী থানায় ১১ জনকে আসামি করে একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলা নং-সেশন২১/২০১১। এর মধ্যে দুজন মারা গেছেন ও একজন কে খালাস দেওয়া হয়েছে।
এই হত্যা মামলায় ৮জন আসামির যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডাদেশ দেওয়া হয়। দন্ডিত আসামিরা হলেন, এনামুল হক, জাহিদুল ইসলাম, আব্দুল বারী, রমজান আলী, মোহাম্মদ আলী, সিরাজুল ইসলাম, আলতাফ হোসেন ও মিন্টু ইসলাম। তাদের যাবজ্জীবন কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ১ মাসের জেল দিয়েছে আদালত। সরকার পক্ষে ছিলেন জেলা ও দায়রা জজ আদালতের পিপি পল্লব ভট্টাচার্য ও আসামি পক্ষের আইনজীবী ছিলেন তিনজন এ্যাড. মো: কামরুল হাসান, এ্যাড. সুধির শর্মা ও এ্যাড. আব্দুস সামাদ।

আসামি পক্ষের স্বজনরা জানান আমরা এই রাইয়ে সন্তুষ্ট নই। উচ্চ আদালতে আপিল করবো।

জীবননগরে ৪ বছরের শিশুকে যৌন হয়রানি অভিযোগে বৃদ্ধ আটক

জীবননগরে ৪ বছরের শিশুকে চকলেট দেওয়ার নাম করে যৌন হয়রানি করার অভিযোগে উঠেছে এক বৃদ্ধের বিরুদ্ধে।

এ ঘটনায় মেয়ের মা বাদি হয়ে জীবননগর থানায় একটি অভিযোগ করলে পুলিশ ওই বৃদ্ধকে রাতেই আটক করে।

গত বুধবার সকাল ৮টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের কয়া গ্রামের স্কুল পাড়ায় এ ঘটনা ঘটেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, শিশুটি বাড়ির পাশে খেলা করছিল, এ সময় একই পাড়ার বৃদ্ধ মল্লিক মিস্ত্রি (৬০) মেয়েটিকে চকলেট দেওয়ার নাম

করে তার ঘরে ডেকে নিয়ে যায়। তাকে জোরপুর্বক যৌন হয়রানি করে এ সময় মেয়েটি চিৎকার করলে স্থানীয় লোকজন ছুটে এসে মেয়েটিকে উদ্ধার করে।

এক পর্যায়ে গ্রাম্য সালিশের মাধ্যমে বিষয়টি মীমাংসা করার চেস্টা করে ব্যর্থ হলে নাবালিকা মেয়ের মা বাদি হয়ে জীবননগর থানায় একটি অভিযোগ করলে গতকাল রাতেই জীবননগর থানা পুলিশ বৃদ্ধকে আটক করে পুলিশের হেফাজতে আনেন।

সীমান্ত ইউপি সদস্য আব্দুল মোমিন বলেন, নাবালিকা মেয়েকে বৃদ্ধ যৌন হয়রানি করেছে এমন একটি অভিযোগ নিয়ে ওই মেয়ের মা এবং স্থানীয় ব্যক্তিরা আমার কাছে আসলে দুই পক্ষকে ডেকে বিষয়টি জানার চেস্টা করি। এক পর্যায়ে বিশৃঙ্খলা সৃষ্ঠি হলে জীবননগর থানা পুলিশকে বিষয়টি জানালে পুলিশ অভিযুক্ত বৃদ্ধ মল্লিককে আটক করে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম বলেন, শিশু মেয়েকে যৌন হয়রানি করেছে এমন অভিযোগের ভিত্তিতে এক বৃদ্ধকে আটক করে পুলিশ হেফাজতে রাখা হয়েছে । এদিকে বৃদ্ধও এহেন কাণ্ড দেখে এলাকার সাধারণ মানুষ হতবাক হয়ে পড়েছে।

চুয়াডাঙ্গায় নাতনীকে ধর্ষণের অভিযোগে দাদা আটক

চুয়াডাঙ্গার দর্শনা থানার বেগমপুরের নওদা হরিশপুর গ্রাম থেকে সাত বছরের নাতনীকে (ছেলের মেয়ে) ধর্ষণের অভিযোগে দাদা মোনতাজ আলীকে
(৫৫) আটক করেছে পুলিশ। বুধবার রাতে তাকে আটক করা হয়। এর আগে সন্ধ্যায় শিশুটির মা দর্শনা থানায় তার শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগ করে।

দর্শনা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি-তদন্ত) শেখ মাহবুবুর রহমান জানান, মঙ্গলবার বিকালে শিশুটিকে একা পেয়ে দাদা মোনতাজ আলী তাকে ধর্ষণ করে এবং বিষয়টি কাউকে না জানানোর জন্য বলে দেয়। পরে শিশুটি রাতে মায়ের কাছে ধর্ষণে ঘটনা জানায়। বুধবার শিশুটির

মা থানায় এসে শ্বশুরের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ দায়ের করেন। এরপরই অভিযান চালিয়ে মোনতাজ আলীকে আটক করা হয়।

ওসি (তদন্ত) আরো জানান, বৃহস্পতিবার আটক মোনতাজ আলীকে আদালতে সোপর্দ করা হবে। এছাড়া ভিকটিম শিশুটির ডাক্তারী পরীক্ষাসহ আইনানুগ সকল পদক্ষেপ নেয়া হবে।